REGIONAL NEWS UNIT ALL INDIA RADIO, AGARTALA Date:2**7**-0**5**-20**2**4

Time: **0**7.35**-0**7.40 AM Hrs BENGALI MORNING BULLETIN

Weather:

ভারতের আবহাওয়া দপ্তর জানিয়েছে যে, উত্তর বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় রেমাল গতকাল মধ্যরাতে বাংলাদেশের খেপুপাড়া ও পশ্চিমবঙ্গ উপকূলের সাগরদ্বীপ অঞ্চলে আছড়ে পড়েছে । ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে রাজ্যেরও সবক্যটি জেলায় ঝড় ও অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। এই সময়ে রাজ্যে ঝড়ো হওয়ার গতিবেগ হতে পারে ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার ।

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আজ আকাশ আংশিকভাবে মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি। সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১ দশমিক ২ মিলিমিটার। রাজ্যের বিভিন্ন জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

REMAL:

ঘূর্নিঝড় রেমাল মোকাবিলার জন্য রাজ্য প্রশাসন সব ধরনের সতর্কতামুলক ব্যবস্থা গ্রহণ করেছে । সচিবালয়ে রেমাল মোকাবিলার প্রশাসনিক স্তরে প্রস্তুতি নেওয়া হয়েছে

Cyclone Measure:

রাজ্য উচ্চশিক্ষা অধিকর্তা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে, আজ এবং আগামীকাল রাজ্যের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানও বন্ধ থাকবে।

রাজ্য বিদ্যালয় শিক্ষা দপ্তরের পক্ষ থেকেও এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দু'দিন রাজ্যের সমস্ত সরকারী, বেসরকারী স্কুল বন্ধ থাকবে। এডিসি এলাকায়ও বিদ্যালয় বন্ধ থাকবে।

Cancellation of Train:

সামুদ্রিক ঘূর্ণিঝড় রেমালের কারনে আজ এবং আগামীকাল আগরতলা–সাব্রুম পর্যন্ত ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। উত্তর পূর্ব ভারতের রেলের এক আধিকারিক টি.কে. ভৌমিক জানান, ঘূর্ণিঝড়ের কারনে ৪৪ টি ট্রেন বাতিল করা হয়েছে।

IMD ICDS Prog:

সামুদ্রিক ঘূর্ণিঝড় রেমালের পরিপ্রেক্ষিতে সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তর পরিচালিত আই সি ডি এস প্রকল্পের অন্তর্গত সব অঙ্গনওয়াড়ি কেন্দ্র আজ ও আগামীকাল বন্ধ থাকবে । এই দু'দিন অঙ্গনওয়াড়ি কেন্দ্র রান্ধা করা থাবারের পরিবর্তে ৬ বছর পর্যন্ত শিশু, গর্ভবতী মহিলা, ও দুদ্ধ পোশ্য শিশুদের মায়েদের পুষ্টি কর থাদ্য বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া হবে ।

Kazi NAzrul Shushanto:

রাজধানী আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মৈত্রী সংসদ এবং ১২৫ তম কাজী নজরুল ইসলাম জন্মবার্ষিকী উদ্যাপন কমিটির যৌথ উদ্যোগে গতকাল সন্ধ্যায় বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, কাজী নজরুল ইসলাম ছিলেন একাধারে কবি, সাহিত্যিক, গায়ক, সৈনিক, দার্শনিক সহ বহুমুখী প্রতিভার অধিকারী এক অনন্য ব্যক্তিত্ব। এই অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ পালিত, আইনজীবী সন্দীপ দত্ত চৌধুরী প্রমুখ।

Chandan Jatra at Baikhora ISkon Temple:

ইসকন বাইখোড়া জগন্নাথ মন্দিরে গতকাল থেকে শুরু হয়েছে চন্দন যাত্রা। গতকাল মন্দিরে অস্হায়ী পুকুর তৈরি করে পুকুরে রাধাকৃষ্ণের মূর্তিকে নৌকায় চড়িয়ে নৌকা বিহার করানো হয়। ৭ দিন ধরে এই চন্দন যাত্রা উৎসব চলবে ।

Merit Reception in Belonia:

এসএফআই– র উদ্যোগে গতকাল বিলোনিয়া সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ স্কুল থেকে মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষার সেরা ৩ মেধাবী পরীক্ষার্থীকে তাদেরকে সাফল্যের জন্য সংবর্ধনা জ্ঞাপন করা হয়। শিবসুন্দর সরকার, অরিত্রিকা মুহুরী ও আয়ুস্মিতা পাল এবং অনন্যা দাস, রিয়া সাহা ও তিলোত্তমা ঘোষকে ফুল ও আমের চারা দিয়ে তাদের সাফল্যের জন্য অভিনন্দন জানান এসএফআই রাজ্য সম্পাদকমন্ডলীর সদস্য

সুকান্ত মজুমদার, বিলোনিয়া মহকুমা সম্পাদক প্রসেনজিং বৈদ্য ও মহকুমা সভাপতি সৌরভ পাল প্রমুখ।

Dipa-Gold:

উজবেকিস্তানের রাজধানী তাসকন্দে আয়োজিত এশিয়ান জিমনাস্টিক চ্যাম্পিয়নশীপে রাজ্যের অলিম্পিয়ান জিমনাস্ট দীপা কর্মকার স্বর্ণ পদক পেয়েছেন। ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে দেশের প্রথম জিমনাস্ট হিসেবে এই আন্তর্জাতিক আসরে দীপা ভল্টিং টেবিলে স্বর্ণ পদক জয় করে নয়া ইতিহাস সৃষ্টি করেন। দীপার পয়েন্ট ১৩ দশমিক ৭৬৬। পরে দুটি স্থান দখল করেন কোরিয়ান জিমন্যাস্ট। এর আগে এশিয়ান জিমনাস্টি প্রতিযোগিতায় দীপা ব্রোঞ্জ পেয়েছিলেন।

TSP:

টেলিকম পরিষেবা প্রদানকারী সংস্থাগুলিকে আন্তর্জাতিক প্রতারনামূলক কল ব্লক করার জন্য সরকার নির্দেশিকা জারি করেছে। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের এক বিবৃতিতে বলা হয়েছে যে বিভিন্ন প্রতারক ৮ক্র এ ধরনের কল করে বিভিন্ন আর্থিক প্রতারনা এবং সাইবার অপরাধ করছে। বিবৃতিতে আরও বলা হয়েছে যে টেলিযোগাযোগ দপ্তরের সহায়তায় টেলিকম পরিষেবা প্রদানকারী সংস্থাগুলি এই ধরনের আন্তর্জাতিক প্রতারনামূলক কলগুলিকে চিহ্নিত করে ব্লক করে দেবার একটি পদ্ধতিও তৈরী করেছে।
